জিইপি/বাহক মারফত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস বন্ড কমিশনারেট
সিইপিজেড ডিভিশন, চট্টগ্রাম।
Website: www.cbcctg.gov.bd, E-mail: bondcepz@gmail.com

বিচারাদেশ নং : 29 /২০২৫, তারিখ : 06/১০/২০২৫ খ্রি. — প্রেরণের তারিখ : 06/১০/২০২৫ খ্রি.

আদেশ প্রদানকারী কর্মকর্তার নাম : মোঃ মাহফুজুল হক ভূঞাঁ

পদবী ঃ কমিশনার অব কাস্টমস (বন্ড) (চ:দা:)
কাস্টমস বন্ড কমিশনারেট, চট্টগ্রাম।

## মূল আদেশ

১। এ আদেশের অনুলিপি সংশ্লিষ্ট ব্যক্তির নিকট ব্যক্তিগত ব্যবহারের জন্য বিনামূল্যে প্রদান করা হলো;

২। এ আদেশের বিরুদ্ধে আপিল করতে হলে তা আদেশ জারির ০৩(তিন) মাসের মধ্যে প্রেসিডেন্ট, কাস্টমস, এক্সাইজ ও মূল্য সংযোজন কর আপিল ট্রাইব্যুনাল, জাতীয় রাজস্ব ভবন (১০ম তলা), প্লট নং-এফ ১/এ, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা বরাবরে দাখিল করতে হবে;

৩। ১,২০০/-(এক হাজার দুইশত) টাকা মূল্যের কোর্ট ফি স্ট্যাম্প সংযুক্ত আপিল আবেদন করতে হবে এবং নিম্নলিখিত দলিলাদিও সংযুক্ত করে দিতে হবে-

ক) Court Fee Act, 1870 এর ১নং তফশীলের ৬ নং দফা অনুযায়ী টাকা ২০/-(বিশ) মাত্র মূল্যের কোর্ট ফি যুক্ত এ আদেশের একটি অনুলিপি এবং

খ) আপিল আবেদনের অতিরিক্ত অনুলিপি;

৪। আপিল আবেদনের অনুলিপি কমিশনার অব কাস্টমস (বন্ড), কাস্টমস বন্ড কমিশনারেট,চট্টগ্রাম বরাবরে প্রেরণ করতে হবে;

৫। The Customs Act, 1969 এর Section 194, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ১২২ এর প্রতি আপীলকারীর দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে যে, সংশ্লিষ্ট কর্তৃপক্ষ আপিল বিবেচিত হওয়ার পূর্বে মূল আদেশে আরোপিত জরিমানা/শুল্ক/মূল্য সংযোজন কর ইত্যাদি অবশ্যই আইনের ধারা মোতাবেক পরিশোধ করতে হবে;

৬। লিখিত আপিল ছাড়াও আপিলকারী স্বয়ং অথবা মনোনীত প্রতিনিধির মাধ্যমে প্রেসিডেন্ট, কাস্টমস, এক্সাইজ ও মূল্য সংযোজন কর আপিল ট্রাইব্যুনাল বরাবর ব্যক্তিগত শুনানী দিতে চাইলে আপীল আবেদনে তা সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

৭। ক) প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা : M/S. Hemple Rhee MFG.Co (BD) Limited, Plot-23-24, Sector-06, CEPZ, Chattogram

খ) অনিয়ম এর বিবরণ : বন্ড সুবিধায় আমদানিকৃত কাঁচামাল বন্ড গুদাম হতে অবৈধভাবে অপসারণের অপচেষ্টার অভিযোগ।

## মামলার প্রেক্ষাপট :

৮। চট্টগ্রাম রপ্তানি প্রক্রিয়াকরণ এলাকা (সিইপিজেড) চট্টগ্রাম পত্র নং ০৩.০৬.১৫৩৫.৩৩৩.৯৯.০০১.২০২১.২৩৬২, তারিখ-০৫.০৫.২০২৫খ্রি. এর মাধ্যমে জানা যায় যে, গত ০৪ মে ২০২৫ তারিখ আনুমানিক ২৩:১৫ ঘটিকায় মালামালবাহী কাভার্ডভ্যান নং-ঢাকা-মেট্রো-ট-১৩-১৬৪৩ জোন হতে বের হওয়ার সময় বেপজার নিরাপত্তা পরিদর্শক কর্তৃক উক্ত গাড়ির স্বপক্ষে কাগজপত্র চাওয়া হলে গাড়ি চালক বেপজা ও কাস্টমসকে বৈধ অনুমতিপত্র ও গেইট পাস প্রদর্শন করতে সক্ষম হয়নি। আপনার শিল্প প্রতিষ্ঠান হতে উল্লিখিত কাভার্ড ভ্যানযোগে কার্টুনে এবং Roll Form এ বিভিন্ন ধরণের Fabrics পাওয়া যায় মর্মে বেপজা কর্তৃপক্ষ উল্লেখ করেন। আটককৃত মালামালের ফাঁকিকৃত রাজস্ব আদায় ও পরবর্তী আইনানুগ কার্যক্রম গ্রহণের লক্ষ্যে আপনার প্রতিষ্ঠান প্রতিনিধি, বেপজা প্রতিনিধি ও এ দপ্তরের কর্মকর্তাসহ মোট ০৫(পাঁচ) সদস্য বিশিষ্ট গঠিত কমিটি কর্তৃক আটককৃত কাভার্ডভ্যানে রক্ষিত মালামালসমূহ গত ০৬.০৫.২০২৫ খ্রি. তারিখ ১৬:০০ ঘটিকায় ইনভেন্ট্রি করা হয় এবং এতদসংক্রান্ত আটক প্রতিবেদন দাখিল করা হয় ও আটক মামলা নং ০১/২০২৫, তারিখ: ০৭.০৫.২০২৫ খ্রি. দায়ের করা হয়। আটক প্রতিবেদন ও মামলা পর্যালোচনায় দেখা যায়:

(ক) ইনভেন্ট্রিকালে প্রাপ্ত মালামালসমূহের তথ্য নিম্নরূপ:

| ক্রঃ নং | পণ্যের বিবরণ | পণ্যের পরিমাণ | পণ্যের ওজন (কেজি) |
|---|---|---|---|
| ১. | Fabric (71%Poly 23%Vis 6%Spandex) | ৫২৫ রোল ও ২৩ কার্টুন | গ্রোস ১৪,১৬৭ কেজি<br>নেট ১৩,৭০০ কেজি |

(খ) আটককৃত পণ্যের বিপরীতে শুল্ক করাদির পরিমাণ নিম্নরূপ:

| ক্রঃ নং | রেফারেন্স বিল অব এন্ট্রি নং ও তারিখ | পণ্যের নাম | এইচ এস কোড | পরিমান (কেজি) | রেফারেন্স মূল্য (মাঃ ডঃ) প্রতি কেজি | ডলার মূল্য (টাকা) | শুল্কায়নযোগ্য মূল্য (টাকা) | CD 25% | RD 3% | SD 20% | VAT 15% | AIT 5% | AT 5% | শুল্ক করাদির পরিমাণ (টাকা) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| 1 | C-72892-<br>13.03.2024 | Fabric 71%Poly 23%Vis 6%Spa | 55151100 | 13,700 | 6.34 | 110 | 9,746,423.04 | 2,436,605.76 | 292,392.69 | 2,495,084.30 | 2,245,575.87 | 487,321.15 | 748,525.29 | 8,705,505.06 |

০৯। উপরোক্ত বর্ণনা মোতাবেক দেখা যায়, প্রতিষ্ঠান কর্তৃক ওয়্যারহাউস সুবিধায় অপব্যবহারের মাধ্যমে শুল্ক পরিশোধ ব্যতিরেকে ৫২৫ রোল ও ২৩ কার্টুনে (১৩,৭০০ কেজি) ফেব্রিক্স অবৈধভাবে অপসারণের উদ্দেশ্যে কাস্টমস বন্ডেড এলাকা হতে বের করায় রাজস্ব ফাঁকির অভিযোগ প্রমাণিত হওয়ায় কাস্টমস আইন, ২০২৩ এর ধারা-১২ (১) এর সাথে পঠিতব্য বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্সের শর্ত ও একই আইনের ধারা ১১৮ এর বিধান এবং ওয়্যারহাউস লাইসেন্সিং বিধিমালা, ২০২৪ এর বিধানসমূহের সুস্পষ্ট লংঘন হওয়ায় কাস্টমস আইন, ২০২৩ এর ধারা ১৭১ (১) এর টেবিলভুক্ত ক্রমিক নং ২৩ অনুযায়ী ফাঁকিকৃত শুল্ক করাদি বাবদ **৮৭,০৫,৫০৫.০৬ (সাতাশি লক্ষ পাঁচ হাজার পাঁচশত পাঁচ দশমিক শূন্য ছয়)** টাকা আদায়ের লক্ষ্যে আটক মামলা নং-০১/২০২৫, তারিখ: ০৭.০৫.২০২৫ খ্রি. দায়ের করা হয়।

**কারণ দর্শানো নোটিশ জারী ও লিখিত জবাব:**

১০। M/S. Hemple Rhee MFG.Co (BD) Limited নামীয় প্রতিষ্ঠানটি ওয়্যারহাউস সুবিধার অপব্যবহারের মাধ্যমে শুল্ক পরিশোধ ব্যতিরেকে ৫২৫ রোল ও ২৩ কার্টুনে (১৩,৭০০ কেজি) ফেব্রিক্স অবৈধভাবে অপসারণের উদ্দেশ্যে কাস্টমস বন্ডেড এলাকা হতে বের করায় রাজস্ব ফাঁকির অভিযোগ প্রমাণিত হওয়ায় কাস্টমস আইন, ২০২৩ এর ধারা-১২ (১) এর সাথে পঠিতব্য বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্সের শর্ত ও একই আইনের ধারা ১১৮ এর বিধান এবং ওয়্যারহাউস লাইসেন্সিং বিধিমালা, ২০২৪ এর বিধানসমূহের সুস্পষ্ট লংঘন হওয়ায় কাস্টমস আইন, ২০২৩ এর ধারা ১৭১ (১) এর টেবিলভুক্ত ক্রমিক নং ২৩ অনুযায়ী ফাঁকিকৃত শুল্ক করাদি বাবদ **৮৭,০৫,৫০৫.০৬ (সাতাশি লক্ষ পাঁচ হাজার পাঁচশত পাঁচ দশমিক শূন্য ছয়)** টাকা আদায়ের লক্ষ্যে প্রতিষ্ঠানের বিরুদ্ধে এ দপ্তরের পত্র নথি নং- এস-২২/কাবক/সিইপিজেড/ Hemple Rhee/আটক মামলা/২০২৫/৮৮৪, তারিখ: ২৯.০৫.২০২৫ খ্রি. এর মাধ্যমে এ দপ্তর হতে কারণ দর্শানো নোটিশ জারী করা হয়। এ দপ্তর হতে জারিকৃত কারণ দর্শানো নোটিশের বিপরীতে প্রতিষ্ঠান কর্তৃপক্ষ গত ২৪.০৬.২০২৫ খ্রি. তারিখে লিখিত জবাব প্রদান করেন। প্রতিষ্ঠানের লিখিত জবাবে উল্লেখ করা হয় যে, জব্দকৃত কাভার্ড ভ্যান অবৈধভাবে অপসারণের কোনো উদ্দেশ্যে ছিল না কারণ জব্দকৃত পণ্যগুলি অবশিষ্ট কাপড় রপ্তানির জন্য ব্যবহারযোগ্য নয়। পণ্যগুলো পরিবহনের আগে তাঁদের কাস্টমস কর্তৃপক্ষকে অবহিত করা উচিত ছিল। কিন্তু তাঁদের অজ্ঞতাবশত প্রক্রিয়াটি সঠিকভাবে সম্পন্ন করতে পারেননি বলেও লিখিত জবাবে জানান।

**শুনানী:**

১১। প্রতিষ্ঠানের আবেদনের প্রেক্ষিতে ও কারণ দর্শানো নোটিশের আলোকে এ দপ্তরের পত্র নথি নং- এস-২২/কাবক/সিইপিজেড/ Hemple Rhee/আটক মামলা/২০২৫/১০৮৯ তারিখ: ০৯.০৭.২০২৫ খ্রি. এর মাধ্যমে গত ২২.০৭.২০২৫ খ্রি. তারিখে শুনানীর সময় নির্ধারণ করে পত্র প্রেরণ করা হয়। উক্ত নির্ধারিত তারিখে প্রতিষ্ঠান কর্তৃপক্ষ উপস্থিত না হয়ে শুনানীর সময় পরবর্তী সময়ে নির্ধারণের জন্য গত ২০.০৭.২০২৫ খ্রি. তারিখে আবেদন দাখিল করেন। প্রতিষ্ঠানের উক্ত আবেদনের প্রেক্ষিতে গত ১৯.০৮.২০২৫ খ্রি. তারিখে শুনানীর সময় পুনরায় নির্ধারণ করে প্রতিষ্ঠান বরাবর পত্র প্রেরণ করা হয়। উক্ত নির্ধারিত তারিখে প্রতিষ্ঠানের জেনারেল ম্যানেজার এ.কে.এম মহিউদ্দিন উপস্থিত হয়ে কারণ দর্শানো নোটিশের জবাবের পুনরাবৃত্তি করেন।

**পর্যালোচনা:**

১২। নথি পর্যালোচনা করে দেখা যায় যে, চট্টগ্রাম ইপিজেডস্থ M/S. Hemple Rhee MFG.Co (BD) Limited নামীয় প্রতিষ্ঠানের মালামালবাহী কাভার্ডভ্যান নং- ঢাকা-মেট্রো-ট-১৩-১৬৪৩ গত ০৪ মে ২০২৫ তারিখ আনুমানিক ২৩:১৫ ঘটিকায় জোন হতে বের হওয়ার প্রাক্কালে গাড়ীতে রক্ষিত ৫২৫ রোল ও ২৩ কার্টুনে (১৩,৭০০ কেজি) ফেব্রিক্স আটক করা হয়। প্রতিষ্ঠান প্রতিনিধি, বেপজা প্রতিনিধি ও এ দপ্তরের প্রতিনিধির সমন্বয়ে গঠিত কমিটি ইনভেন্ট্রি করে আটক মামলা নং-০১/২০২৫, তারিখ: ০৭.০৫.২০২৫ খ্রি. দায়ের করা হয়। পরবর্তীতে প্রতিষ্ঠানের বিরুদ্ধে দাবীনামা সম্বলিত কারণ দর্শানো নোটিশ জারি ও প্রতিষ্ঠান প্রতিনিধির শুনানী গ্রহণ করা হয়। শুনানীতে প্রতিষ্ঠান কর্তৃপক্ষ তাঁদের অপরাধ স্বীকার করেন। মামলার ঘটনা ও শুনানীর প্রদত্ত বক্তব্যের আলোকে বিষয়টি আইনানুগ নিষ্পত্তির লক্ষ্যে নিম্নরূপ আদেশ প্রদান করা হলো:

**আদেশ**

১৩। M/S. Hemple Rhee MFG.Co (BD) Limited এর বিরুদ্ধে আনীত অভিযোগ, এ দপ্তর হতে দায়েরকৃত রাজস্ব ফাঁকির মামলা, কারণ দর্শানো নোটিশ এবং প্রতিষ্ঠান কর্তৃপক্ষের দাখিলকৃত আবেদন পর্যালোচনা করা হলো। পর্যালোচনান্তে প্রতিষ্ঠানটির বিরুদ্ধে মালামালবাহী কাভার্ডভ্যান নং- ঢাকা-মেট্রো-ট-১৩-১৬৪৩ এর মাধ্যমে ওয়্যারহাউস সুবিধায় অপব্যবহারের মাধ্যমে শুল্ক পরিশোধ ব্যতিরেকে অবৈধভাবে অপসারণের অভিযোগ সুস্পষ্টভাবে প্রমাণিত হওয়ায় কাস্টমস আইনের ধারা ১২৬ মোতাবেক ফাঁকিকৃত রাজস্ব বাবদ **৮৭,০৫,৫০৫.০৬ (সাতাশি লক্ষ পাঁচ হাজার পাঁচশত পাঁচ দশমিক শূন্য ছয়)** টাকা আদায়ের দাবী চূড়ান্ত করা হলো।

১৪। একই আইনের ধারা ১৭১ (১) এর টেবিলের ক্লজ ২৩ মোতাবেক আটককৃত কাভার্ডভ্যানসহ বর্ণিত মালামাল রাষ্ট্রের অনুকূলে বাজেয়াপ্তসহ ৯০,০০,০০০/- (নব্বই লক্ষ) টাকা অর্থদণ্ড আরোপ করা হলো। আটককৃত কাভার্ডভ্যানসহ বর্ণিত মালামাল অবাধে আমদানিযোগ্য বিধায় কাস্টমস আইনের ধারা ২০৫ অনুযায়ী আটককৃত কাভার্ডভ্যানসহ বর্ণিত মালামাল বাজেয়াপ্তির পরিবর্তে ৭,০০,০০০/-(সাত লক্ষ) বিমোচন জরিমানা আরোপ করা হলো।

১৫। প্রযোজ্য শুল্ক-করাদি, আরোপিত অর্থদন্ড ও বিমোচন জরিমানাসহ সর্বমোট (৮৭,০৫,৫০৫.০৬ + ৯০,০০,০০০+৭,০০,০০০) = **১,৮৪,০৫,৫০৫.০৬ (এক কোটি চুরাশি লক্ষ পাঁচ হাজার পাঁচশত পাঁচ)** টাকা এই আদেশ জারির ১৫(পনের) দিনের মধ্যে ট্রেজারি চালানের মাধ্যমে সরকারি কোষাগারে জমাদানপূর্বক ট্রেজারি চালানের মূল কপি এ দপ্তরে দাখিল করার জন্য আদেশ দেয়া হলো। একইসাথে উল্লিখিত শুল্ক-করাদি, অর্থদন্ড ও বিমোচন জরিমানা জমাদান সাপেক্ষে আটককৃত মালামালসহ কাভার্ডভ্যান নং- ঢাকা-মেট্রো-ট-১৩-১৬৪৩ প্রতিষ্ঠানের অনুকূলে ছাড় প্রদানের অনুমতি প্রদান করা হলো।

স্বাঃ

মোঃ মাহফুজুল হক ভূঞা
কমিশনার অব কাস্টমস (বন্ড) (চ:দা:)
ফোন- ০৩১-২৮৬৩২৫৩
ই-মেইল- www.cbcctg@yahoo.com

ব্যবস্থাপনা পরিচালক
M/S. Hemple Rhee MFG.Co (BD) Limited
Plot-23-24, Sector-06
CEPZ, Chattogram

E:\Dany CEPZ\Bicharadesh\Hemple Rhee 23.09.2025\Hemple Rhhee.doc

নথি নং- এস-২২/কাবক/সিইপিজেড/ Hemple Rhee/আটক মামলা/২০২৫/১৭৬৭(৬) তারিখ: ০৮/১০/২০২৫খ্রি.

<u>অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :</u>

১। প্রেসিডেন্ট, কাস্টমস, এক্সাইজ ও মূল্য সংযোজন কর আপিল ট্রাইব্যুনাল, জাতীয় রাজস্ব বোর্ড, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
২। দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড), জাতীয় রাজস্ব বোর্ড, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
৩। ডেপুটি/এ্যাসিসট্যান্ট কমিশনার অব কাস্টমস (মামলা ও বকেয়া শাখা), কাস্টমস বন্ড কমিশনারেট, চট্টগ্রাম।
৪। ডেপুটি/এ্যাসিসট্যান্ট কমিশনার অব কাস্টমস (আইন শাখা), কাস্টমস বন্ড কমিশনারেট, চট্টগ্রাম।
৫। নির্বাহী পরিচালক, বেপজা সিইপিজেড, চট্টগ্রাম।
৬। প্রোগ্রামার, কাস্টমস বন্ড কমিশনারেট, চট্টগ্রাম।
৭। ব্যবস্থাপক, Bank Asia PLC, OBU CEPZ Branch, Chattogram.
৮। অফিস কপি।

08.10.25

আবদুল্লাহ আল মামুন
ডেপুটি কমিশনার অব কাস্টমস

E:\Dany CEPZ\Bicharadesh\Hemple Rhee 23.09.2025\Hemple Rhlee.doc